

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
ময়মনসিংহ
www.mymensingh.gov.bd

নং-১৭.০৯.৬১০০.০০০.৩৬.০০৩.২৩-১০০৩

তারিখ : ০১ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
১৬ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয় : দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে নির্বাচনি এলাকায় বিদ্যমান সকল প্রকার নির্বাচনি প্রচারণা সামগ্রী অপসারণ প্রসঙ্গে।

সূত্র : নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১৯.২৩-৭২২, তারিখ: ১৫/১১/২০২৩খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে জানানো যাচ্ছে যে, ইতোমধ্যে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠানের জন্য বাংলাদেশ নির্বাচন কমিশন কর্তৃক সময়সূচি ঘোষিত হয়েছে। ঘোষিত সময়সূচি অনুযায়ী প্রার্থীগণের মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ ৩০ নভেম্বর ২০২৩ এবং ভোটগ্রহণের তারিখ ০৭ জানুয়ারি ২০২৪ তারিখ রোজ রবিবার। সে লক্ষ্যে একজন সম্ভাব্য প্রার্থী হিসেবে আপনার নিম্নবর্ণিত আচণ বিধি সংক্রান্ত বিধি-নিষেধ অবশ্য পালনীয়।

২। নির্বাচন-পূর্ব সময়ে আপনাকে বা আপনার পক্ষে কোন ব্যক্তিকে আচরণ বিধিমালার বিধানাবলী অবশ্যই কঠোরভাবে প্রতিপালন করতে হবে। এখানে উল্লেখ যে, 'নির্বাচন-পূর্ব সময়' অর্থ বর্ণিত নির্বাচনের ক্ষেত্রে কমিশন কর্তৃক নির্বাচনি তফসিল ঘোষণার দিন হইতে (গত ১৫/১১/২০২৩ তারিখ) নির্বাচনের ফলাফল সরকারি গেজেটে প্রকাশের তারিখ পর্যন্ত সময়কাল।

৩। সংসদ নির্বাচনে রাজনৈতিক দল ও প্রার্থীর আচরণ বিধিমালা, ২০০৮ এর বিধি-১২ :

“প্রচারণার সময় : কোন নিবন্ধিত রাজনৈতিক দল কিংবা উহার মনোনীত প্রার্থী বা স্বতন্ত্র প্রার্থী কিংবা তাহাদের পক্ষে অন্য কোন ব্যক্তি ভোটগ্রহণের জন্য নির্ধারিত দিনের তিন সপ্তাহ সময়ের পূর্বে কোন প্রকার নির্বাচনি প্রচার শুরু করিতে পারিবেন না।

বিধি-৯ : দেওয়াল লিখন সংক্রান্ত বাধা নিষেধ : কোন নিবন্ধিত রাজনৈতিক দল কিংবা উহার মনোনীত প্রার্থী বা স্বতন্ত্র প্রার্থী কিংবা তাহাদের পক্ষে অন্য কোন ব্যক্তি-

(ক) দেওয়ালে লিখিয়া কোন প্রকার নির্বাচনি প্রচারণা চলাইতে পারিবেন না; এবং

(খ) কালি বা রং দ্বারা বা অন্য কোনভাবে দেওয়ালে ছাড়াও কোন দালান, থাম, বাড়ী বা ঘরের ছাদ, সেতু, সড়ক দ্বীপ, রোড ডিভাইডার, যানবাহন বা অন্য কোন স্থাপনায় প্রচারণামূলক কোন লিখন বা অংকন করিতে পারিবেন না।”

৪। আপনার নির্বাচনি এলাকায় আপনার পক্ষে যদি কোন নির্বাচনি প্রচারণামূলক বা শুভেচ্ছা জানিয়ে বিভিন্ন ধরনের পোস্টার, স্টিকার, ব্যানার, বিলবোর্ড, লিফলেট লাগানো থাকে বা দেওয়ালে লিখন থাকে তবে এ ধরনের কার্যক্রম আচরণ বিধিমালা এবং নির্বাচনি আইনের সুস্পষ্ট লঙ্ঘন।

৫। এমতাবস্থায়, আগামী ১৮ নভেম্বর ২০২৩ তারিখ রাত ১২.০০ টার পূর্বে আপনার নাম ও ছবিযুক্ত প্রচারণামূলক পোস্টার, স্টিকার, ব্যানার, বিলবোর্ড, লিফলেট যদি লাগানো থাকে বা দেওয়ালে লিখন থাকে তা অপসারণ/মুছে ফেলার জন্য সম্ভাব্য প্রার্থী হিসেবে আপনাকে অনুরোধ করা হলো।

৬। অন্যথায়, নির্বাচনি আচরণ-বিধিমালা লঙ্ঘনের দায়ে আপনার বিরুদ্ধে নির্বাচনি বিধি/আইন অনুযায়ী যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে।

সংযুক্ত ৪ নির্বাচনি আচরণ বিধিমালা ০১ (এক) টি

প্রাপক ৪ সম্ভাব্য প্রার্থী,
..... দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন
নির্বাচনি এলাকা ১৪৬ ময়মনসিংহ-১ হতে ১৫৬ ময়মনসিংহ-১১


(মোঃ মোস্তাফিজুর রহমান)

জেলা প্রশাসক, ময়মনসিংহ

ও

রিটার্নিং অফিসার

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন


নির্বাচনি এলাকা ১৪৬ ময়মনসিংহ-১ হতে ১৫৬ ময়মনসিংহ-১১

নং-১৭.০৯.৬১০০.০০০.৩৬.০০৩.২৩-১০০৩

তারিখ ৪ ০১ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
১৬ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা
- ২। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ
- ৩। উপ মহাপুলিশ পরিদর্শক, ময়মনসিংহ রেঞ্জ, ময়মনসিংহ
- ৪। পুলিশ সুপার, ময়মনসিংহ (উপর্যুক্ত প্রচার সামগ্রীসমূহ যথাযথভাবে অপসারণের লক্ষ্যে সিটি কর্পোরেশন, পৌরসভাসহ বিভিন্ন স্থানীয় সরকার প্রতিষ্ঠান কর্তৃপক্ষকে প্রয়োজনীয় সংখ্যক ফোর্স সরবরাহপূর্বক সহায়তা প্রদানের জন্য অনুরোধ করা হলো।)
- ৫। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ
- ৬। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ ও সহকারী রিটার্নিং অফিসার
- ৭। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ময়মনসিংহ (প্রচার সামগ্রী অপসারণ সংক্রান্ত উল্লিখিত নির্দেশনা জরুরী ভিত্তিতে বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো।)
- ৮। উপসচিব, নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-১, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ৯। সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তা, ময়মনসিংহ
- ১০। উপজেলা নির্বাহী অফিসার (সকল), ময়মনসিংহ ও সহকারী রিটার্নিং অফিসার
- ১১। সিনিয়র জেলা তথ্য অফিসার, ময়মনসিংহ (প্রচার সামগ্রী অপসারণ সংক্রান্ত উল্লিখিত নির্দেশনা ব্যাপক প্রচারের ব্যবস্থা করার জন্য অনুরোধ করা হলো।)
- ১২। উপজেলা নির্বাচন অফিসার, সদর, ময়মনসিংহ ও সহকারী রিটার্নিং অফিসার
- ১৩। উপজেলা নির্বাচন অফিসার (সকল), ময়মনসিংহ
- ১৪। অফিসার ইনচার্জ, সকল থানা, ময়মনসিংহ
- ১৫। সচিব, ময়মনসিংহ সিটি কর্পোরেশন/পৌর নির্বাহী কর্মকর্তা (সংশ্লিষ্ট), পৌরসভা, ময়মনসিংহ (প্রচার সামগ্রী অপসারণ সংক্রান্ত উল্লিখিত নির্দেশনা জরুরী ভিত্তিতে বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো।)
- ১৬। অফিস কপি।


জেলা প্রশাসক, ময়মনসিংহ

ও

রিটার্নিং অফিসার

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন

নির্বাচনি এলাকা ১৪৬ ময়মনসিংহ-১ হতে ১৫৬ ময়মনসিংহ-১১